# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## ভাওয়াল মির্জাপুর শাখা, গাজীপুর।

## (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

# বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ভাওয়াল মির্জাপুর শাখা, এর ঋণগ্রহীতা মেসার্স জনি এন্টারপ্রাইজ এন্ড বেডিং স্টোর, এর স্বত্ত্বাধিকারী মোঃ জয়নাল আবেদীন, পিতা- মোঃ আবু হানিফ, মাতা-মোসাঃ জামিলা খাতুন, ব্যাবসায়িক ঠিকানাঃ মির্জাপুর, মির্জাপুর বাজার, গাজীপুর সদর, গাজীপুর-১৭০৩ ও বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ পান শাইল, ডাকঘরঃ মির্জাপুর-১৭০৩, গাজীপুর সদর, গাজীপুর এবং জমিদাতা (১) শেখ মোঃ হানিফ আলী (২) শেখ মোঃ জাকির হোসেন, সর্বপিতা: বান্দু মিয়া, ঠিকানঃ দক্ষিণ সালনা, সালনা বাজার, গাজীপুর ও (১) মোছাঃ মমলা খাতুন, স্বামী-মৃত জালাল উদ্দিন, পিতা- ইমাম কাজী, (২) মোঃ মমিন হোসেন, (৩) মোছাঃ জুলেখা খাতুন, (৪) মোছাঃ আলেকা খাতুন, সর্বপিতা-মৃত জালাল উদ্দিন এর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৯/০৬/২০২৬ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট টাকা ২২,০৮,০৬২.০০ (বাইশ লক্ষ আট হাজার বাষট্টি টাকা) সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## SCHEDULE OF THE PROPERTY REFERRED TO ABOVE

All that piece and parcel of land measuring(4.083 (Four Point Zero Eight Three) Decimal situated within the District: Gazipur, /P.S. & Sub Registry Office: Sadar, Gazipur; Mouza: South Salna. J.L. No. 30, appertaining to following Khatians & Dags:

| Khatians | | | Dags | |
|---|---|---|---|---|
| CS | SA | RS | CS & SA | RS |
| 175 | 464 | 244 | 1356 | 2596 |

And mutation Khatian No. 1134 under Jote No. 3821. The land is butted & bounded by: On the North, : Road, On the South, : Nur Islam, On the East, : Bakul, On the West: Gias Uddin, Own by: Sheikh Md. Hanif Ali & Md. Zakir Hossen..

All that piece and parcel of land measuring 2.042 (Two Point Zero Four Two) Decimal out of 2.33 decimal; situated within the District: Gazipur, P.S. & Sub Registry Office: Sadar, Gazipur; Mouza: Dhakkin Salna. J.L. No. 30, appertaining to following Khatians & Dags:

| Khatians | | | Dags | |
|---|---|---|---|---|
| CS | SA | RS | CS & SA | RS |
| 175 | 464 | 244 | 1356 | 2596 |

And mutation Khatian No. S.A./R.S. 464/244 under Jote No. 7979. The land is butted & bounded by: On the North, : Road, On the South, : Nur Islam, On the East : Bakul, On the West: Gias Uddin, Own by: Mst. Momla Khatun, Md. Momin Hossen, Mst. Julekha Khatun, Mst. Alekha Khatun.

## নিলামের শর্তাবলী

(১) আগামী **৩১/০৮/২০২৬ইং** বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভাওয়াল মির্জাপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ভাওয়াল মির্জাপুর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপে৷ অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/ পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউসিবি, ভাওয়াল মির্জাপুর শাখা, গাজীপুর।**